

প্রথম ধাপ: তথ্য সংগ্রহ

প্রাথমিক পর্যায়ে

- পূর্ববর্তী ভোটার তালিকার ভিত্তিতে মোট ভোটার সংখ্যার একটি প্রাথমিক প্রাক্কলন এলাকাভিত্তিক প্রণয়ন করা।
- এই প্রাক্কলনের ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক সহকারী রেজিস্ট্রেশন অফিসার, ৫জন তথ্য সংগ্রহকারীর জন্য একজন সুপারভাইজার এবং ৩০০-৪০০ জন ভোটারের জন্য একজন তথ্য সংগ্রহকারী নিয়োগ করা।
- নিয়োগ প্রক্রিয়া চলাকালীন সময়ে বিভিন্ন গণমাধ্যম ব্যবহার করে জনগণকে সচেতন করা।
- স্থানীয় জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন, সিভিল সোসাইটি, ইত্যাদির প্রতিনিধিদের সম্পৃক্ত করে সমন্বয় জোরদারের জন্য বিভিন্ন ধরনের কমিটি গঠন করা।
- এলাকাভিত্তিক ডাটা এন্ট্রি অপারেটর, টিম লিডার ইত্যাদি নিয়োগকল্পে বিজ্ঞপ্তি প্রকাশ, প্রাপ্ত আবেদন বাছাইকরণ, পরীক্ষা গ্রহণ এবং তাদের নিয়োগ প্রদান।
- তথ্য সংগ্রহের জন্য ফরম-২ মুদ্রণ ও বিতরণ।
- তথ্য সংগ্রহকারীদের জন্য রেজিস্ট্রার খাতা, ভোটার স্লিপ তৈরী এবং স্ট্যাম্প প্যাড ক্রয়। ক্রয়কৃত মালামাল জেলা নির্বাচন কর্মকর্তার নিকট হস্তান্তর।
- জেলখানার ভোটারদের বিশেষ ব্যবস্থায় ভোটার করার ব্যবস্থা গ্রহণ।

মধ্য পর্যায়ে

- সহকারী রেজিস্ট্রেশন অফিসারদের ১ দিনের ওরিয়েন্টেশন প্রদান।
- সুপারভাইজার ও তথ্য সংগ্রহকারীদের ৩ দিনের প্রশিক্ষণ প্রদান।
- ডাটা এন্ট্রি অপারেটর ও টিম লিডারদের ৩-১০ দিনের প্রশিক্ষণ প্রদান।
- তথ্য সংগ্রহকারীদের ফরম-২ ও অন্যান্য মালামাল প্রদান।
- ছবি তোলা শুরুর অন্তত ৭-১০ দিন আগে তথ্য সংগ্রহকারী কর্তৃক বাড়ী বাড়ী গিয়ে ফরম-২ এ তথ্য সংগ্রহ করা। গুরুতর অসুস্থ ও প্রতিবন্ধীদের বিষয়ে বিস্তারিত তথ্য সংগ্রহ করে রেজিস্ট্রারে লিপিবদ্ধকরণ।
- সংগৃহ তথ্য সুপারভাইজারের নিকট হস্তান্তর করা এবং সুপারভাইজার কর্তৃক প্রাপ্ত তথ্য যাচাই করণ।
- সুপারভাইজার কর্তৃক যাচাইকৃত ফরমগুলো এআরও-এর নিকট হস্তান্তর করা এবং হস্তান্তর করা ফরমগুলো যাচাই করে এলাকাভিত্তিক একত্রীকরণ।
- সেনাবাহিনীর সহায়তায় নিবন্ধন কেন্দ্র ও উপজেলা বাথানা সার্ভার স্টেশন স্থাপন।
- এআরও কর্তৃক নিবন্ধন ফরমগুলো নিবন্ধন কেন্দ্রের টিম লিডারের নিকট হস্তান্তর।
- টিম লিডার কর্তৃক ছবি তোলার জন্য এআরওকে তারিখ, সময়, ও সংখ্যা জানানো। এআরও কর্তৃক সুপারভাইজারের মাধ্যমে তথ্য সংগ্রহকারীকে তা জানানো।
- স্লিপের মাধ্যমে তথ্য সংগ্রহকারী কর্তৃক ভোটারকে ছবি তোলার সময়, তারিখ ও কেন্দ্রের নাম জানানো।
- কেন্দ্রকে ছবি তোলার উপযোগীকরণ।

শেষ পর্যায়

- নিবন্ধন কেন্দ্র ও সার্ভার স্টেশনকে অপারেশনাল করা।
- ল্যাপটপ, ওয়েবক্যাম, ফিংগার প্রিন্ট স্ক্যানার, ফটোকপি মেশিন, জেনারেটর ইত্যাদি সংগ্রহ ও স্থাপন।

দ্বিতীয় ধাপ : ফরম পুনঃযাচাই করণ

- নিবন্ধন কেন্দ্রে ফরম সংগ্রহ ও যাচাই।
- ল্যাপটপ ভিত্তিক ফরমগুলো ক্রমবিন্যাসকরণ।
- লগবহিতে ফরমগুলো এন্ড্রিকরণ।

তৃতীয় ধাপ : নিবন্ধন কেন্দ্রে তথ্য সংগ্রহ ও পরিচিতি যাচাই

ভোটারের কেন্দ্রে আগমন ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে স্লিপ হস্তান্তর।

- ফরম সংগ্রহকরণ ও ডাটা এন্ড্রি অপারেটরের নিকট গমন।
- কেন্দ্রে অবস্থিত যাচাইকারী কর্তৃক ভোটারকে চিহ্নিত করণ।
- ডাটা এন্ড্রি অপারেটর কর্তৃক তথ্যাদি, ল্যাপটপে ধারণ (যদি আগে থেকে এন্ড্রি না করা থাকে)।
- ছবি, আংগুলের ছাপ, স্বাক্ষর গ্রহণ এবং প্রাপ্তি রশিদ হস্তান্তর
- কোন এন্ড্রি বাকি থাকলে বাকি এন্ড্রি ডাটা এন্ড্রি অপারেটর কর্তৃক পূরণ।
- প্রতিদিন ল্যাপটপের তথ্য দলনেতার নিকট হস্তান্তর এবং তাঁর মাধ্যমে উপজেলা সার্ভারে স্থানান্তর।

চতুর্থ ধাপ : প্রতিবন্দী, জেলখানার ভোটার, বাদ পড়া ভোটার ও অসুস্থদের নিবন্ধন

বাদ পড়া ভোটার চিহ্নিত করে তাঁদের ভোটার হওয়ার জন্য সংবাদ প্রদান।

- বাদ পড়া ভোটারদের ৩য় ধাপে বর্ণিত প্রক্রিয়ায় নিবন্ধন সমাপ্তকরণ।
- প্রতিবন্দী ও গুরুতর অসুস্থদের বাড়ী বাড়ী গিয়ে (শেষ ৩(তিন) দিন) তাঁদের নিবন্ধন সমাপ্তকরণ।
- উপজেলা সার্ভারে বাদ পড়া প্রতিবন্দী ও গুরুতর অসুস্থ লোকের তথ্য দলনেতাকে হস্তান্তর এবং তার মাধ্যমে হস্তান্তর করা।
- জেলখানায় অবস্থানকারী ভোটারদের বিশেষ ব্যবস্থায় তথ্য সংগ্রহ।
- জেলখানায় গিয়ে তাঁদের ছবি, আংগুলের ছাপ ও দস্তখত গ্রহণ করে নিবন্ধন প্রক্রিয়া চূড়ান্তকরণ।

পঞ্চম ধাপ : তথ্য উপজেলা সার্ভারে প্রক্রিয়াজাতকরণ

জেলখানার ভোটারদের তথ্য সংশ্লিষ্ট ভোটার এলাকায় প্রেরণ ও কম্পিউটারে এন্ট্রিকরণ।

- সকল তথ্য উপজেলা সার্ভারে প্রক্রিয়াজাতকরণ।
- তথ্য ভান্ডারের মান যাচাই ও মান উন্নয়ন।
- সার্ভারে রক্ষিত তথ্য ম্যাচিং।
- ডুপ্লিকেট ভোটার চিহ্নিতকরণ। দলনেতাকে অবহিতকরণ।
- ভুল সংশোধন।
- খসড়া জাতীয় পরিচয়পত্র প্রণয়ন ও প্রদর্শন।
- খসড়া জাতীয় পরিচয়পত্রের ভুল সংশোধন।
- জাতীয় পরিচয়পত্র প্রণয়ন ও প্রদান।

ষষ্ঠ ধাপ : খসড়া ভোটার তালিকা প্রকাশ ও চূড়ান্তকরণ

খসড়া ভোটার তালিকা ফরম-১ অনুযায়ী প্রণয়ন।

- খসড়া ভোটার তালিকা প্রদর্শন।
- খসড়া ভোটার তালিকার উপর আপত্তি গ্রহণ।
- শুনানী প্রদান ও রিভাইজিং অথরিটি কর্তৃক সংশোধন আদেশ দান।
- আদেশ অনুযায়ী খসড়ায় ভুল সংশোধন।
- চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়ন।
- রেজিস্ট্রেশন অফিসার কর্তৃক চূড়ান্ত ভোটার তালিকাকে অথিনটেকেশন করণ।